



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৮২৭৪

তারিখ : ০১ / ১০ / ২০১৪খ্রি.

বিষয় : পাঠদানের মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং-গবিক ২০/১৪ , তারিখ: ১৭/০৭/২০১৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ২৫/০৯/২০১৪খ্রি. তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, গর্জনবুনিয়া উচ্চমাধ্যমিক বিদ্যালয়, ডাক : শিয়ালিয়া, উপজেলা : বরগুনা সদর, জেলা : বরগুনা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে মানবিক শাখায় নিম্নবর্ণিত শর্তে দ্বাদশ শ্রেণীর পাঠদানের অনুমতিসহ একাদশ শ্রেণীর পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৪খ্রি. থেকে ৩০/০৬/২০১৫খ্রি. পর্যন্ত ০১(এক) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত অনুমতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

| শাখা                   | বিষয়   |
|------------------------|---|
| ১। সকল শাখার জন্য      | : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)                 |
| ২। নৈর্ব্যাপ্তিক বিষয় |   |
| ক) মানবিক শাখা         | : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজ কর্ম, পৌরনীতি ও সুশাসন এবং যুক্তিবিদ্যা |
| খ) সকল শাখার জন্য      | : কৃষি শিক্ষা   |

### শর্তাবলী

- ০১। ১২/০৩/২০১৫ তারিখের মধ্যে পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল বিষয়ে নিবন্ধনধারী শিক্ষক নিয়োগ করতে হবে।
- ০২। নিয়মিত শ্রেণি কার্যক্রম সহপাঠক্রম পরিচালিত হবে।
- ০৩। ক্লাশ টেস্ট/ টিউটোরিয়াল পরীক্ষার ফলাফল সংরক্ষণ ও বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ০৪। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ১৯জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
- ০৫। বর্ণিত বিষয়গুলোর ব্যাপারে ব্যর্থ হলে কলেজের পাঠদান কার্যক্রম বন্ধ করা হবে।
- ০৬। আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৭। সরকারি অনুদানের জন্য আবেদন করা যাবেনা
- ০৮। আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৯। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ১০। সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ১১। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

প্রতিষ্ঠান প্রধান

গর্জনবুনিয়া উচ্চমাধ্যমিক বিদ্যালয়

ডাক : শিয়ালিয়া

উপজেলা : বরগুনা সদর

জেলা : বরগুনা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

০৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো

০৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো।

০৫। সংরক্ষণ নথি